# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৯৮৫

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - কুরায়শ ও অন্যান্য গোত্রসমূহের গুণাবলি

الفصل الاول (بَابُ مَنَاقِبِ قُرَيْشٍ وَذِكْرِ الْقَبَائِلِ)

---

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «قُرَيْشٌ وَالْأَنْصَارُ وَجُهَيْنَةُ وَمُزَيْنَةُ وَأَسْلَمُ وَغِفَارُ وَأَشْجَعُ مَوَالِيَّ لَيْسَ لَهُمْ مَوْلًى دُونَ اللَّهِ وَرَسُولِهِ» . مُتَّفقٌ عَلَيْهِ

متفق علیہ ، رواہ البخاری (3512) و مسلم (189 / 2520)، (6439) ـ
(مُتَّفَقٌ عَلَيْهِ)

বাংলা

৫৯৮৫-[৭] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: কুরায়শ, আনসার, জুহায়নাহ্, মুযায়নাহ্, আসলাম, গিফার ও আশজা গোত্রসমূহ আমার বন্ধু। বস্তুত আল্লাহ ও তাঁর রাসূল ছাড়া তাদের আর কোন বন্ধু নেই। (বুখারী ও মুসলিম)

ফুটনোট

সহীহ: বুখারী ৩৫০৪, ৩৫১২ মুসলিম ১৮৯-(২৫২০), মুসনাদে আহমাদ ৭৮৯১, মুসনাদে বাযযার ১০১৮, আল মু'জামুল কাবীর লিত্ব তবারানী ৫০৯৫।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (مواليَّ) শব্দটি ‘ইয়া মুতাকাল্লিম’-এর দিকে মুযাফ হয়েছে, যা ‘মাওলা-এর বহুবচন।
অন্য এক বর্ণনায় এ শব্দটি “ইয়া মুতাকাল্লিম ছাড়া মাওয়াল বর্ণিত হয়েছে। এ অবস্থায় অনুবাদ হবে উক্ত গোত্রসমূহের মুসলিমগণ পরস্পর একে অন্যের সাহায্য-সহযোগিতাকারী ও বন্ধু। (মিরকাতুল মাফাতীহ, মাযাহিরে হাক শারহে মিশকাত ৭ম খণ্ড, ২৩১ পৃষ্ঠা)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=85960

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন